রাজশাহী কৃষি উন্নয়ন ব্যাংক

প্রধান কার্যালয়, রাজশাহী।
তথ্য ও যোগাযোগ প্রযুক্তি বিভাগ
ফোন নং: ০২৫৮৮৮-৭৮৯৩৯; ই-মেইল: dgmict@rakub.org.bd; ওয়েবসাইট: www.rakub.org.bd

আইসিটিবি সার্কুলার নং-০৩/২০২৩ তারিখ : ০৬.০৮.২০২৩

বিষয় : রাকাব e-KYC এর মাধ্যমে ঘরে বসে হিসাব খোলা সেবা চালুকরণ প্রসংগে।

মানিলন্ডারিং ও সন্ত্রাসী কার্যে অর্থায়ন প্রতিরোধসহ গ্রাহক ও আর্থিক প্রতিষ্ঠানের মধ্যে সম্পর্ক স্থাপন প্রক্রিয়া সহজীকরণের জন্য বাংলাদেশ ব্যাংকের বাংলাদেশ ফাইন্যান্সিয়াল ইন্টেলিজেন্স ইউনিট (BFIU) কর্তৃক ০৮ জানুয়ারী ২০২০ তারিখের সার্কুলার নং-২৫ মূলে Guidelines on e-KYC জারী করা হয়। উক্ত গাইডলাইন্স অনুসারে e-KYC সফটওয়্যার ডেভেলপ পূর্বক রাজশাহী কৃষি উন্নয়ন ব্যাংকে বাস্তবায়ন করা হয়েছে।

০২। গত ০৪.০৮.২০২৩ তারিখে অর্থ মন্ত্রণালয়ের আর্থিক প্রতিষ্ঠান বিভাগের সচিব জনাব শেখ মোহাম্মদ সলীম উল্লাহ e-KYC এর মাধ্যমে ঘরে বসে হিসাব খোলা ও রাকাব ই-ব্যাংকিং এর মাধ্যমে QR Code Based চেকবিহীন লেনদেন এর শুভ উদ্বোধন করেন। রাকাব মোবাইল App এ e-KYC সন্নিবেশ করা হয়েছে। গ্রাহকগণ রাকাব e-KYC এ প্রয়োজনীয় তথ্য এন্ট্রি করে ব্যাংকে নতুন হিসাব খুলতে পারবেন। e-KYC এর মাধ্যমে হিসাব খোলার সঙ্গে সঙ্গে স্বয়ংক্রিয়ভাবে "রাকাব ই-ব্যাংকিং" এ নিবন্ধন সম্পন্ন হবে এবং গ্রাহকগণ ঘরে বসে রাকাব ই-ব্যাংকিং এর মাধ্যমে লেনদেন করতে পারবেন।

০৩। e-KYC বাস্তবায়নের ফলে ব্যাংকের ডিজিটাল সেবার পরিধি বৃদ্ধিসহ গ্রাহক সংখ্যা বৃদ্ধি পাবে এবং দেশের যে কোন প্রান্ত থেকে ঘরে বসেই খুব স্বল্প সময়ে রাকাবে নতুন হিসাব খোলা সম্ভব হবে। গ্রাহক সেবার মানোন্নয়ন হবে এবং ব্যাংকের আয় বৃদ্ধি পাবে।

০৪। যে সকল বাংলাদেশী নাগরিকের জাতীয় পরিচয় পত্র আছে এবং রাকাবে ব্যাংক হিসাব নাই কেবলমাত্র সে সকল নাগরিক রাকাব e-KYC সফটওয়্যারের মাধ্যমে ব্যাংক হিসাব খুলতে পারবেন। গ্রাহকের ঝুঁকি বিবেচনায় e-KYC সিস্টেমকে Simplified e-KYC ও Regular e-KYC এই দুই ধরণের মডিউলে ভাগ করা হয়েছে :

(ক) Simplified e-KYC এর ক্ষেত্রে বাংলাদেশ ব্যাংক এর গাইডলাইন্স অনুসারে মাসে মোট জমা ১ লক্ষ টাকা ও মাসে মোট উত্তোলন ১ লক্ষ টাকা পর্যন্ত সীমা নির্ধারণ করা হলো। নির্বাচন কমিশনের ডাটাবেইজে রক্ষিত গ্রাহকের তথ্যের সঙ্গে e-KYC সিস্টেমে এন্ট্রিকৃত তথ্যের matching percentage কাঙ্ক্ষিত লক্ষ্যমাত্রায় পৌঁছালে সিস্টেম কর্তৃক স্বয়ংক্রিয়ভাবে Authorize অন্তে হিসাব খোলা সম্পন্ন হবে এবং তাৎক্ষণিকভাবে গ্রাহকের নিকট একাউন্ট নম্বরসহ সফলভাবে হিসাব খোলা সম্পন্নকরণের ক্ষুদে বার্তা পৌঁছে যাবে। কিন্তু গ্রাহকের জাতীয় পরিচয় পত্রে সংরক্ষিত ছবির সাথে e-KYC এর মাধ্যমে ধারণকৃত মুখমন্ডলের ছবি না মিললে তা Unauthorized অবস্থায় সংশ্লিষ্ট শাখায় যাচাইয়ের জন্য e-KYC এর Admin Panel এ প্রদর্শন করবে।

(খ) Regular e-KYC এর ক্ষেত্রে বাংলাদেশ ব্যাংক এর গাইডলাইন্স অনুসারে মাসে মোট জমা ১ লক্ষ টাকার উর্ধ্বে ও মোট উত্তোলন ১ লক্ষ টাকার উর্ধ্বে সীমা নির্ধারণ করা হলো। নির্বাচন কমিশনের ডাটাবেইজে রক্ষিত গ্রাহকের তথ্যের সঙ্গে e-KYC সিস্টেমে এন্ট্রিকৃত তথ্যের matching percentage কাঙ্ক্ষিত লক্ষ্যমাত্রায় পৌঁছালে সিস্টেম কর্তৃক স্বয়ংক্রিয়ভাবে গ্রাহকের নিকট ট্র্যাকিং নম্বরসহ তাঁর নির্বাচিত শাখায় যোগাযোগের জন্য ক্ষুদে বার্তা পৌঁছে যাবে। Matching percentage কাঙ্ক্ষিত লক্ষ্যমাত্রায় না পৌঁছালে হিসাব খোলার প্রক্রিয়াটি সম্পন্ন করার জন্য সংশ্লিষ্ট শাখায় যোগাযোগের জন্য ক্ষুদে বার্তা পৌঁছে যাবে। Regular e-KYC এর ক্ষেত্রে হিসাব খোলার সময় Risk Grading ও authorization এর জন্য অনিষ্পন্ন অবস্থায় শাখার Admin Panel এ প্রদর্শন করবে।

০৫। রাকাব e-KYC এর Admin Panel যথাযথভাবে পরিচালনার সুবিধার্থে একটি ইউজার ম্যানুয়াল প্রস্তুত করা হয়েছে (কপি সংযুক্ত)।

০৬। রাকাব e-KYC এর মাধ্যমে হিসাব খোলা হলে একাউন্ট নম্বর Auto Generate হবে। এমতপ্রেক্ষিতে সরেজমিন শাখায় হিসাব খুলতে আসা গ্রাহকগণের হিসাব খোলার সময় CBS এ গ্রাহকের হিসাব খোলা সম্পন্ন অন্তে উক্ত একাউন্ট নম্বর সংশ্লিষ্ট হিসাব খোলা রেজিস্টারে এন্ট্রি প্রদান করতে হবে।

০৭। Artificial Intelligence (AI), Optical Character Recognition (OCR), Two Factor Authentication (2FA), Digital Onboarding Verification ইত্যাদি প্রযুক্তি ব্যবহার করে রাকাবে e-KYC সিস্টেম বাস্তবায়ন করা হয়েছে। সাইবার নিরাপত্তা নিশ্চিতকরণের লক্ষ্যে গ্রাহকের মোবাইল নম্বরে One Time Password (OTP) প্রেরণ করা হবে। এছাড়া গ্রাহকের বায়োমেট্রিকের (মুখমন্ডলের ছবি) তথ্য সঠিকভাবে না মিললে তা সংশ্লিষ্ট শাখায় যাচাই অন্তে সম্পন্ন করার ব্যবস্থা গ্রহণ করতে হবে।

০৮। রাকাব e-KYC এর মাধ্যমে হিসাব খোলা কার্যক্রম সুষ্ঠুভাবে সম্পাদনের জন্য নিম্নোক্ত নির্দেশনা যথাযথভাবে পরিপালন করতে হবে :

ক) শাখা ব্যবস্থাপক/ দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তা-কে CBS সফটওয়্যারে ব্যবহৃত তাঁর ইউজার আইডি ও পাসওয়ার্ড দিয়ে নিয়মিত রাকাব e-KYC এর Admin Panel এ লগইন করতে হবে।

খ) রাকাব e-KYC সফটওয়্যারের মাধ্যমে হিসাব খোলার সময় যে সকল গ্রাহক সফলভাবে ব্যাংক হিসাব খুলতে পারেননি তাদের তথ্য Unauthorized অবস্থায় প্রদর্শন করবে। এক্ষেত্রে শাখা পর্যায়ে নিম্নোক্ত নির্দেশনা পরিপালন করতে হবে :

(০১) Simplified e-KYC এর ক্ষেত্রে শাখার সংশ্লিষ্ট কর্মকর্তা e-KYC এর Admin Panel এর Dashboard এ প্রবেশ করে Unauthorized গ্রাহকের জাতীয় পরিচয় পত্রে সংরক্ষিত ছবির সাথে e-KYC এর মাধ্যমে ধারণকৃত মুখমন্ডলের ছবি মিলিয়ে যদি গ্রাহক সম্পর্কে নিশ্চিত হন তাহলে Authorize করবেন। তাৎক্ষণিকভাবে গ্রাহকের নিকট একাউন্ট নম্বরসহ সফলভাবে হিসাব খোলা সম্পন্নকরণের ক্ষুদে বার্তা পৌঁছে যাবে। তথ্য সঠিক পাওয়া না গেলে Decline করতে হবে।

(০২) Regular e-KYC এর ক্ষেত্রে গ্রাহক শাখায় উপস্থিত হলে শাখার দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তা উপস্থিত গ্রাহকের সাথে জাতীয় পরিচয় পত্রের সংরক্ষিত ছবি ও e-KYC সফটওয়্যারের মাধ্যমে ধারণকৃত মুখমন্ডলের ছবির মিল আছে কিনা যাচাই করবেন। যাচাই করে সঠিক পাওয়া গেলে e-KYC এর Admin Panel হতে Risk Grading এর সকল তথ্য পূরণ করে Authorize করার পাশাপাশি CBS সিস্টেম হতে গ্রাহকের Transaction Profile (TP) সম্পন্ন করবেন। তথ্য সঠিক পাওয়া না গেলে Decline করতে হবে। e-KYC এর Admin Panel হতে Authorized গ্রাহকের Regular e-KYC Form Download করে গ্রাহকের স্বাক্ষর গ্রহণ করে তা যথাযথভাবে সংরক্ষণ করতে হবে। Authorization সম্পন্ন হওয়ার পর গ্রাহকের নিকট একাউন্ট নম্বরসহ সফলভাবে হিসাব খোলা সম্পন্নকরণের ক্ষুদে বার্তা পৌঁছে যাবে।

গ) e-KYC (Simplified/ Regular) এর মাধ্যমে খোলা হিসাবসমূহে Cash Debit Transaction restricted থাকবে। তবে e-KYC এর মাধ্যমে খোলা হিসাবে গ্রাহকগণ রাকাব মোবাইল App ও ইন্টারনেট ব্যাংকিং এর মাধ্যমে লেনদেন করতে পারবেন। চেকের বিপরীতে কাউন্টার থেকে নগদ অর্থ উত্তোলনের ক্ষেত্রে শাখার দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তা উক্ত গ্রাহকের তথ্যাবলী যাচাই অন্তে গ্রাহকের নিকট থেকে ম্যানুয়ালী স্বাক্ষরকার্ড সংগ্রহ করে CBS সিস্টেমে আপলোড করবেন এবং e-KYC Form Download পূর্বক গ্রাহকের স্বাক্ষর গ্রহণ করে তা যথাযথভাবে সংরক্ষণ করবেন। একই সাথে CBS সিস্টেম (F.P. 2001) হতে Cash Debit Transaction Allow করবেন।

০৯। e-KYC এর মাধ্যমে হিসাব খোলার ৩০ দিনের মধ্যে লেনদেন না করলে স্বয়ংক্রিয়ভাবে হিসাবটি inactive হয়ে যাবে। ৩০ দিন পর গ্রাহক স্বশরীরে উপস্থিত হয়ে শাখা ব্যবস্থাপক বরাবর আবেদন সাপেক্ষে হিসাবটি active করে লেনদেন করতে পারবেন। এক্ষেত্রে শাখার দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তা উক্ত গ্রাহকের তথ্যাবলী যাচাই অন্তে গ্রাহকের নিকট থেকে ম্যানুয়ালী স্বাক্ষরকার্ড সংগ্রহ করে CBS সিস্টেমে আপলোড করবেন এবং e-KYC Form Download পূর্বক গ্রাহকের স্বাক্ষর গ্রহণ করে তা যথাযথভাবে সংরক্ষণ করবেন।

১০। বর্ণিতাবস্থায়, রাকাব e-KYC সুষ্ঠুভাবে পরিচালনার লক্ষ্যে উপর্যুক্ত নির্দেশনাসমূহ যথাযথভাবে পরিপালন ও গ্রাহকগণকে এতদবিষয়ে সহযোগিতা প্রদানসহ আলোচ্য সেবা বিষয়ে প্রচার প্রচারণা চালানোর প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করতে হবে।

১১। ইহা অবিলম্বে কার্যকর হবে।

অনুমোদনক্রমে-

০৬/০৮/২০২৬

(মোঃ আবুল কালাম)
উপ-মহাব্যবস্থাপক

সংযুক্ত : বর্ণনামতে।

প্রকা/আইসিটিবি-১২৩/২০২৩-২০২৪/২০১(৪৫৪) তারিখ : ০৬.০৮.২০২৩

সদয় অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুলিপি প্রেরিত হলো :

০১। চেয়ারম্যান মহোদয়ের একান্ত সচিব, পর্ষদ সচিবালয়, রাকাব, প্রধান কার্যালয়, রাজশাহী।
০২। স্টাফ অফিসার, ব্যবস্থাপনা পরিচালক মহোদয়ের সচিবালয়, রাকাব, প্রধান কার্যালয়, রাজশাহী।
০৩। স্টাফ অফিসার, উপ-ব্যবস্থাপনা পরিচালক মহোদয়ের সচিবালয়, রাকাব, প্রধান কার্যালয়, রাজশাহী।
০৪। স্টাফ অফিসার, সকল মহাব্যবস্থাপক মহোদয়ের দপ্তর, রাকাব, প্রধান কার্যালয়, রাজশাহী।
০৫। মহাব্যবস্থাপক মহোদয়ের স্টাফ অফিসার, রাকাব, বিভাগীয় কার্যালয়, রাজশাহী/রংপুর।
০৬। সকল উপ-মহাব্যবস্থাপক/সচিব/বিভাগীয় প্রধান/ইউনিট প্রধান/সেল প্রধান, রাকাব, প্রধান কার্যালয়, রাজশাহী।
০৭। অধ্যক্ষ, রাকাব, প্রশিক্ষণ ইনস্টিটিউট, রাজশাহী।
০৮। সকল জোনাল ব্যবস্থাপক, রাজশাহী কৃষি উন্নয়ন ব্যাংক।
০৯। প্রকল্প পরিচালক, রাকাব, এসইসিপি, রাজশাহী।
১০। বিভাগীয় নিরীক্ষা কর্মকর্তা, রাকাব, বিভাগীয় নিরীক্ষা কার্যালয়, রাজশাহী/রংপুর।
১১। সকল জোনাল নিরীক্ষা কর্মকর্তা, রাজশাহী কৃষি উন্নয়ন ব্যাংক।
১২। সকল শাখা ব্যবস্থাপক, রাজশাহী কৃষি উন্নয়ন ব্যাংক।
১৩। অফিস নথি।

০৬.০৮.২০২৩

(আবু হানিফ)
সিনিয়র সিস্টেম এনালিস্ট (সমন্বয়)